সংবাদ

তারিখ 18 APR 2017
পৃষ্ঠা ... ৫ ... কলাম ...

রামপাল ঝনঝনিয়া সর. প্রা. স্কুল

# শহীদ মিনার ভাঙলেন প্রধান শিক্ষিকা!

**প্রতিনিধি, বাগেরহাট**

বাগেরহাটের রামপাল উপজেলায় একটি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ও তার কর্মচারির বিরুদ্ধে শহীদ মিনার ভেঙ্গে ফেলার অভিযোগ উঠেছে। শহীদ মিনার ভাঙ্গার ঘটনায় স্থানীয় লোকজন, ব্যবস্থাপনা কমিটি, অভিভাবক ও শিক্ষার্থীদের মধ্যে চরম ক্ষোভের সৃষ্টি হয়েছে। তারা ওই শিক্ষকের বিচারের দাবীতে মানববন্ধন ও উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ দিয়েছেন। স্থানীয়'রা জানান, রামপাল উপজেলা সদরের ঝনঝনিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক খাদিজা ইয়াসমিন এবং বিদ্যালয়ের দপ্তরী আল আমিনের বিরুদ্ধে বিদ্যালয়ের শহীদ মিনার ভাঙ্গার অভিযোগ ওঠে। এরপর এলাকাবাসি মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। গত ১২ এপ্রিল বিদ্যালয়ের দপ্তরী আল আমিনকে শহীদ মিনারটি ভেঙ্গে ফেলতে দেখা যায়। এ সময় স্থানীয়'রা শহীদ মিনারটি ভেঙ্গে ফেলার কারন জানতে চায়। তখন দপ্তরী আল আমিন বলে প্রধান শিক্ষক খাদিজা ইয়াসমিন শহীদ মিনারটি ভেঙ্গে ফেলতে বলেছেন। এতে ক্ষিপ্ত এলাকাবাসী ঘটনায় জড়িত ওই শিক্ষকের বিচার চেয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে একটি লিখিত অভিযোগ দিয়েছেন এবং রবিবার এলাকাবাসী মানববন্ধনও করেছে। এ ঘটনায় রবিবার বিকালে বিদ্যালয় মাঠে মানববন্ধনে বক্তব্য দেন, বিদ্যালয়ের জমিদাতা অলিউর রহমান, ইউপি সদস্য মো. আবু তাহের শেখ, অভিভাবক আজিজুল শেখ, শিক্ষার্থী অভিষেক অধিকারী, বিদ্যালয়ের এসএমসি সভাপতি শেখ মোশারেফ হোসেন, পিটিএ সভাপতি শেখ ওলিয়ার রহমান প্রমুখ। এ বিষয়ে ঝনঝনিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক খাদিজা ইয়াসমিন অভিযোগ অস্বীকার করে বলেন, শহীদ মিনারটি জরাজীর্ণ হয়ে গেছে। কিছু অংশ ভেঙ্গেও গিয়েছিল। শহীদ মিনারটি সংস্কার করতে হবে। প্রতিপক্ষরা আমাকে এখান থেকে তাড়াতে ষড়যন্ত্র করছে বলে অভিযোগ করেন তিনি। এ ছাড়া আমার নতুন ম্যানেজিং কমিটি মেনে নিতে পারছে না ওই চক্রটি। রামপাল উপজেলা নির্বাহী কর্মকর্তা তুষার কুমার পাল বলেন শহীদ মিনার ভাঙ্গার ঘটনা জানিয়ে স্থানীয়রা একটি অভিযোগ দিয়েছেন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক খাদিজা ইয়াসমিন যদি শহীদ মিনার ভেঙ্গে থাকেন তাহলে অমার্জনীয় অপরাধ করেছেন। ঘটনা তদন্ত করে দেখা হচ্ছে। জড়িত থাকার প্রমাণ মিললে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং................
তারিখ................
প্রিন্সিপাল সিস্টেম এনালিস্ট / সি.এস.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর